



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2022

গভর্নর ক্যাথি হোকল

স্বচ্ছতার প্রতি অঙ্গীকারবদ্ধতার ধারাবাহিকতার অংশ হিসেবে নতুন অনলাইন মজুরি ও কর্মসংস্থান টুল চালু হচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

শ্রম বিভাগের ওয়েবসাইটের নতুন ইন্টারঅ্যাকটিভ ড্যাশবোর্ড কর্মসংস্থান ও মজুরি সংক্রান্ত ডাটা অনুসন্ধান করাকে সহজতর করেছে

নিউ ইয়র্ক স্টেটব্যাপী প্রায় 800টি পদের জন্য সুনির্দিষ্ট খাত-ভিত্তিক কর্মসংস্থান ও মজুরি সংক্রান্ত ডাটা প্রদান করে

শ্রম বিভাগের সংস্থা-ব্যাপী স্বচ্ছতা পরিকল্পনার অংশ

গভর্নর ক্যাথি হোকল আজ স্বচ্ছতা উন্নয়ন এবং কর্মসংস্থানের পরিসংখ্যান ও পেশাগত মজুরি সংক্রান্ত তথ্যের অ্যাক্সেস বৃদ্ধি করার জন্য নকশাকৃত দুটি নতুন ইন্টারঅ্যাকটিভ অনলাইন সংস্থান চালু হওয়ার ঘোষণা দিয়েছেন। বর্তমান কর্মসংস্থানের পরিসংখ্যান সংক্রান্ত ড্যাশবোর্ড নিউ ইয়র্ক স্টেট, মেট্রোপলিটন এলাকাসমূহ, ও মেট্রোপলিটন এলাকাগুলোর বাইরের কাউন্টিগুলোর জন্য শিল্পখাত অনুযায়ী খামার বহির্ভূত কর্মসংস্থান, কর্মঘণ্টা, ও উপার্জনের মাসিক অনুমিত পরিমাণ প্রদান করে। পেশাগত কর্মসংস্থান ও মজুরি সংক্রান্ত পরিসংখ্যান এর ড্যাশবোর্ড নিউ ইয়র্ক স্টেটব্যাপী প্রায় 800টি পদের জন্য কর্মসংস্থান ও মজুরি সংক্রান্ত অনুমিত তথ্য প্রদান করে। উভয় ড্যাশবোর্ড শ্রম বিভাগের (Department of Labor) ওয়েবসাইট থেকে সহজে অ্যাক্সেস করা যাবে। এই ঘোষণাটি সানশাইন উইক এর সময়ে ঘটেছে, যেটি হলো এমন একটি জাতীয় উদ্যোগ যা সরকারের মধ্যে স্বচ্ছতা ও উদারতা বৃদ্ধির প্রচেষ্টাসমূহের উপর আলোকপাত করে থাকে।

"দায়িত্ব গ্রহণের প্রথম দিনেই, আমার প্রশাসন স্বচ্ছতা জোরদার করার এবং সরকার যে সাধারণ নিউ ইয়র্কবাসীদের জন্য বাস্তব ফলাফল তৈরি করতে পারে এই আস্থা ফিরিয়ে আনার একটি অঙ্গীকার ব্যক্ত করেছিল," বলেছেন গভর্নর হোকল। "এই নতুন, সহজে অ্যাক্সেসযোগ্য কর্মসংস্থান ও মজুরি সংক্রান্ত ডাটার ড্যাশবোর্ডগুলো সেই অঙ্গীকার রক্ষায় আমাদের সাম্প্রতিক প্রচেষ্টাসমূহের প্রতিনিধিত্ব করে - যেগুলো তথ্যের ব্যবধান কমিয়ে আনবে এবং নিউ ইয়র্কবাসীদের লভ্য কর্মসংস্থানের সুযোগ ও প্রতিযোগিতামূলক মজুরির সম্পূর্ণ পরিসর অনুধাবন করতে সাহায্য করবে। এই প্রাসঙ্গিক কর্মসংস্থান ও মজুরি সংক্রান্ত তথ্যের সাথে লোকজনের সংযোগ তৈরি করা এখন আগের যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ - যেহেতু

মহামারীর প্রভাবের ফলস্বরূপ বহু মানুষ তাদের ক্যারিয়ার পুনর্গঠন ও পুনর্নির্ধারণ করতে সচেষ্ট হচ্ছেন।"

ভৌগোলিক অবস্থা, সময়, ও মৌসুমি সমন্বয়ের উপর ভিত্তি করে কোনো একটি শিল্পখাতের জন্য অনুসন্ধান করা সহ CES ড্যাশবোর্ড ব্যবহারের একাধিক উপায় রয়েছে। প্রদর্শিত মাসিক অনুমানসমূহ স্টেটব্যাপী 18,000 এরও বেশি ব্যবসা প্রতিষ্ঠানের উপর পরিচালিত একটি জরিপের ভিত্তিতে প্রদান করা হবে। এছাড়াও ব্যবহারকারীরা তাদের নিজেদের ডাটাসেট গড়ে তুলতে এবং একটির বেশি অঞ্চলের একাধিক শিল্পখাতের ডাটা সংগ্রহ করতে পারবেন।

OEWS ড্যাশবোর্ড ব্যবহারকারীদের পেশা অনুযায়ী কর্মসংস্থান ও মজুরি সংক্রান্ত তথ্য ব্রাউজ করার সুযোগ দেয়। এছাড়াও এটি ব্যবহারকারীদের স্টেটব্যাপী বিভিন্ন পেশার মজুরির মধ্যে তুলনা করার, গ্রুপভুক্ত পেশাসমূহের জন্য মজুরি দেখা, এবং শিল্পখাত অনুযায়ী পেশাগত কর্মসংস্থান দেখার সুযোগ করে দেয়।

এসব নতুন কর্মসূচি NYS DOL [ওয়েবসাইটে](#) অফারকৃত অন্যান্য ভার্সিয়াল ডাটা সংস্থান, যেমন [শ্রম শক্তি ও বেকারত্ব সংক্রান্ত ডাটা](#), [বিদ্যমান বেকারত্ব বিমা মজুরি](#), এবং আরো অনেক কিছুর সাথে যোগ হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "গভর্নর হোকল স্বচ্ছতার জন্য একজন চ্যাম্পিয়ন হিসেবে ভূমিকা রাখা অব্যাহত রেখেছেন। এসব টুল স্টেট সরকারের মধ্যে জনসাধারণের তথ্য অ্যাক্সেস করার প্রতিবন্ধকতাগুলো ভেঙ্গে ফেলার জন্য তার অঙ্গীকারবদ্ধতা আরেকটি সুস্পষ্ট ফলাফল। নিউ ইয়র্ক স্টেটব্যাপী প্রবণতাগুলো অনুধাবন করতে ডাটা আমাদেরকে সাহায্য করতে পারে। এসব সংস্থানের মাধ্যমে নিউ ইয়র্কবাসীরা তাদের অঞ্চলে ও অঞ্চলের বাইরে কর্মসংস্থানের প্রবণতাসমূহ দেখতে, আগ্রহের পেশাগুলোর বেতন সম্পর্কে খোঁজ নিতে, এবং আরো অনেক কিছু করতে পারবেন। এই নতুন ড্যাশবোর্ডগুলো নিউ ইয়র্কবাসীদেরকে নিজে নিজে কর্মসংস্থান সংক্রান্ত তথ্য সহজে খুঁজে নেওয়ার সক্ষমতা প্রদান করে।"

এসব নতুন অনলাইন টুল চালু হওয়া স্টেট সরকারের মধ্যে স্বচ্ছতা, জবাবদিহিতা, ও নৈতিকতা বৃদ্ধির জন্য গভর্নর হোকলের সাম্প্রতিক প্রচেষ্টার প্রতিনিধিত্ব করে। সোমবারে, FOIL-এর অনুরোধসমূহ গ্রহণ, প্রক্রিয়াকরণ, বা সেগুলোর প্রতি সাড়াদানের সময়কালকে ত্বরান্বিত করবে এমন একটি সফটওয়্যার প্ল্যাটফর্ম সংগ্রহের জন্য স্টেটের তথ্য প্রযুক্তি পরিষেবা বিষয়ক দপ্তরের (State Office of Information Technology Services) প্রতি কোটেশনের অনুরোধ জারি করার নির্দেশনা প্রদান করে গভর্নর হোকল ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট জনসাধারণের অনুরোধের প্রতি সাড়াদানের প্রক্রিয়া ত্বরান্বিত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

তার স্টেট অব দ্যা স্টেট ভাষণে গভর্নর হোকল জয়েন্ট কমিশন অন পাবলিক ইথিকস (Joint Commission on Public Ethics) পুনর্গঠন করার এবং স্টেটব্যাপী নির্বাচিত কর্মকর্তাদের জন্য দায়িত্ব পালনের মেয়াদের সীমা নির্ধারণ করা এবং বাইরে থেকে আয় নিষিদ্ধ করার প্রস্তাব ঘোষণা করেছেন। দায়িত্ব গ্রহণের কয়েক সপ্তাহ পরেই, গভর্নর হোকল 70টিরও বেশি স্টেট সংস্থা থেকে

স্বচ্ছতার পরিকল্পনা, স্টেটের শীর্ষ কর্মকর্তাদের জন্য প্রত্যাহার সংক্রান্ত নীতিমালা প্রকাশ্যে প্রকাশ করেছেন, এবং স্টেট সরকার ব্যাপী ও এক্সিকিউটিভ চেম্বারের অভ্যন্তরে কর্মচারীদের বৈষম্য ও হয়রানি থেকে সুরক্ষিত রাখতে নতুন মানব সম্পদ নীতিমালা জারি করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418